চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

প্রেস বিজ্ঞপ্তি

বনাঢ্য আয়োজনের মাধ্যমে শুরু হলো অদিতি সঙ্গীত নিকেতনের তিন দিনব্যপী বসন্ত উৎসব

সংস্কৃতি কর্মকান্ড শিক্ষার্থীদের মনের দরজা খুলে দেয়-মেয়র

চট্টগ্রাম -১৫ মার্চ -২০১৯ ইংরেজী

আজ থেকে বনাঢ্য আয়োজনের মাধ্যমে ৩ দিন ব্যাপী অদিতি সঙ্গীত নিকেতনের ১৮ বছর পূর্তি উৎসব শুরু হয়েছে। আজ শুক্রবার রাতে উত্তর কাট্টলীস্থ কাট্টলী সিটি কর্পোরেশন বালিকা বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে এ বসন্ত উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এই উৎসব আগামী রবিবার পর্যন্ত চলবে। এই উপলক্ষে আয়োজিত সমাবেশে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের উপদেষ্টা ও চসিক সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চসিকের প্যানেল মেয়র ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইঞ্জিনিয়ার তরুন তপন দত্ত, হাবিবুর রহমান, মো: ফারুক চৌধুরী, এম এ সালাম, এম এ নাছের আহমেদ, আহবায়ক শহীদুল ইসলাম দুলদুল প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উৎসব কমিটির সদস্য সচিব জুয়েল শীল এবং অদিতি'র প্রতিষ্ঠাতা টুনটু দাশ বিজয়।

প্রধান অতিথির বক্তব্য সিটি মেয়র অদিতি সঙ্গীত নিকেতন পরিবারকে অভিনন্দন জানিয়ে বলেন সঙ্গীতের মাধ্যমে সংস্কৃতি এবং ঐতিহ্য রক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচ্ছে। তিনি বলেন শিক্ষার্থীদের মধ্যে বর্তমানে যে অশুভ শক্তি বিরাজ করছে তাকে প্রতিহত করতে হলে সাংস্কৃতিক কার্যক্রম এবং খেলাধুলার মধ্যে নিয়োজিত রাখতে হবে। এ দুইটির মধ্যে শিক্ষার্থীরা নিয়োজিত থাকলে তারা বিপদগামী হবে না। তাই একটি সন্তানের সুষ্ঠু বিকাশের জন্য প্রয়োজন সুস্থ বিনোদন, এই সুস্থ বিনোদন আমাদের বন্ধনকে আরো সুদৃঢ় করবে বলে তিনি প্রত্যাশা করেন। শিক্ষার্থীদের শারীরিক,মানসিক ও আত্মিক সুস্থতার কথা উল্লেখ মেয়র বলেন সংস্কৃতি চর্চা, ক্রীড়া ও জ্ঞানচর্চা পরস্পর অবিচ্ছেদ্য অংশ। সংস্কৃতি কর্মকান্ড শিক্ষার্থীদের মনের দরজা খুলে দেয়। সামাজিক দায়িত্ববোধ ও সাংস্কৃতিক মুল্যবোধ সম্পর্কে সচেতন করে তুলে । তাই শিক্ষার পাশাপাশি সাংস্কৃতিক কর্মকান্ডে প্রত্যেক শিক্ষার্থীদেরকে সম্পৃক্ত রাখার জন্য অভিভাবক মহলের প্রতি আহবান জানান মেয়র। অনুষ্ঠানে সংগঠনের শিল্পীরা মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠান ও সঙ্গীত পরিবেশন করেন।

ছাদ বাগান পরিদর্শন করলেন মেয়র
চসিকের আগামী বাজেটে ছাদ বাগানের জন্য বাজেট
আগ্রহীদের চারা বিতরনের পরিকল্পনা রয়েছে

চট্টগ্রাম -১৫ মার্চ -২০১৯ ইংরেজী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন,নগর জীবনে সবুজের ছোয়া একেবারে নেই বললেই চলে। অথচ এই যান্ত্রিক শহরে সবুজ প্রকৃতি খুবই জরুরী। নগরীর প্রতিটি ছাদে, বাড়ীর আঙ্গিনায় এবং খালি জায়গায় বাগান গড়ে তুলে তিলোত্তমা চট্টগ্রামকে সবুজে সাজিয়ে গ্রিন সিটিতে রূপান্তর করার কর্মসূচি নগরবাসীর বাস্তবায়ন করা সম্ভব । কারন সবুজের মাঝেই মানুষের জীবন। উন্নত পরিবেশ, পরিচ্ছন্ন নগরী, বিশ্বমানের বাসোপযোগী মনোরম পরিবেশ গড়ে তোলার প্রত্যয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ছাদ বাগান উদ্যোক্তাদের আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান করবে। তিনি বলেন যারা ছাদ বাগান করবেন তাদের গৃহকরে শীতিলতা থাকবে। মেয়র আশা করেন সুন্দর মনের মানুষদের সার্বিক সহযোগিতায় বন্দর নগরী চট্টগ্রাম সবুজ নগরীতে গড়ে উঠবে। আজ ১৫ মার্চ শুক্রবার সকালে নগরীর উত্তর কাট্টলীর মুন্সী পাড়াস্থ জয়নাল আবেদীন চৌধুরী'র বাড়ীতে রোকেয়া হকের ছাদ বাগান পরিদর্শনকালে মেয়র এ কথা বলেন। রোকেয়া হকের এ ছাদ বাগানে

সফেদা,লাউ,বেগুন,ক্যাপসিক্যাপ,আখ,কমলা লেবু,শালগম,থাইলেবু,ড্রাগন,ফলজ,বনজ,ঔষধী, বিভিন্ন প্রজাতির ফুল,সবজি সহ বিভিন্ন প্রজাতির গাছ-পালা ও পরিবেশ দেখে মেয়র মুগ্ধতা প্রকাশ করে বলেন নিজেদের ইচ্ছা শক্তি আর বৃক্ষপ্রেম থাকলে বাড়ীর ছাদে বাগান গড়ে তোলা কোন সমস্যা নয়। এতে যেমন নিজেদের দৈনন্দিন প্রয়োজন মিটবে অপরদিকে প্রাকৃতিক ভারসাম্যও রক্ষা হবে। তিনি বলেন পায়ের নিচে নরম ঘাসের স্পর্শ না পেলেও হাত দিয়ে স্পর্শ করা যায় বৃক্ষরাজির সবুজ পাতা। ছাদ বাগান পরিদর্শনকালে সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ,বনায়ন কর্মকর্তা মৃঈনুল হোসেন আলী জয়, তিলোত্তমা চট্টগ্রামের সত্বাধিকারী সাহেলা আবেদীন, রোকেয়া হক, মুক্তিযোদ্ধা আলাউদ্দিন আহমদ চৌধুরী, হারুনুর রশিদ,রিয়াদ খান সহ এলাকার গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। মেয়র ছাদ বাগান বিষয়ে নগরবাসির মাঝে সচেতনতা সৃষ্টির জন্য চট্টগ্রাম শহরকে কয়েকটি জোনে বিভক্ত করে প্রচার,সচেতনতা কর্মসূচি গ্রহণ করার জন্য তিলোত্তমা চট্টগ্রামকে পরামর্শ দেন। মেয়র বলেন চসিক আগামী বাজেটও এই খাতে অর্থ বরাদ্ধ রাখবে এবং ছাদ বাগান করতে আগ্রহীদের গাছের চারা বিতরণ করবে।পরিদর্শনকালে মেয়র নিজ হাতে বাগান থেকে বেগুন, কমলা, সফেদা, লাউ,আখ সহ বিভিন্ন প্রকারের সবজি ও ফল উত্তোলন করেন।

১৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯ তম জন্মবার্ষিকী
জাতীয় শিশু দিবস উদযাপন করবে চসিক

চট্টগ্রাম -১৫ মার্চ -২০১৯ ইংরেজী

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস ২০১৯ উদযাপন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যাপক কর্মচূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে ১৭ মার্চ রবিবার সকাল সাড়ে ৮ টা হতে নগর ভবন চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন, খতমে কোরআন, মিলাদ মাহফিল ও সকাল ৯ টা থেকে সাড়ে ১১ টা পর্যন্ত কর্পোরেশনের পার্কিংলটে শিশুকিশোর সমাবেশ,কেক কাটা,ফেষ্টুন,বেলুন উড়ানো, বঙ্গবন্ধু বিষয়ে উপস্থিত বক্তৃতা,আবৃত্তি এবং সাংস্কৃতিক অনুষ্ঠান রয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন উপস্থিত থাকবেন।

আউটার ষ্টেডিয়ামের সৌন্দর্যবর্ধন কার্যক্রম উদ্বোধন : আগামীকাল ১৬ই মার্চ শনিবার রাত সাড়ে ৮ টায় নগরীর কাজীর দেউরীস্থ আউটার ষ্টেডিয়ামের উত্তর ও পূর্ব পাশ্বের সৌন্দর্যবর্ধন কাজের শুভ উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন । এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন